গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
www.nilphamari.gov.bd
শিক্ষা ও কল্যাণ শাখা,

**২০২৬ সালের এইচএসসি, আলিম এবং এইচএসসি (ভোকেশনাল ও বিএম/বিএমটি) পরীক্ষা সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ নায়িরুজ্জামান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৪/০৬/২০২৬ খ্রি.। |
| সভার সময় | বিকাল ৩.০০ টা। |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক'। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নীলফামারী জানান যে, আগামী ০২ জুলাই, ২০২৬ তারিখ হতে দেশব্যাপী এইচএসসি, আলিম, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ, একাদশ ও দ্বাদশ শ্রেণির ডিপ্লোমা-ইন কমার্স চূড়ান্ত পরীক্ষা, এইচএসসি (ভোকেশনাল) এবং এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষা শুরু হতে যাচ্ছে । এ বছর এ জেলায় এইচএসসি ২৪টি, আলিম ০৬টি, এইচএসসি (ভোকেশনাল) ০৩টি এবং এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)/বিএম/বিএমটি ০৯টি পরীক্ষা কেন্দ্র রয়েছে । সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা গ্রহণের জন্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালার আলোকে প্রয়োজনীয় নির্দেশনা এবং পরীক্ষার সাথে সম্পৃক্ত শিক্ষকগণের করণীয় সম্পর্কে আলোচনা করেন । সভায় উপস্থিত কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ নিজ নিজ পরীক্ষা কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা নিম্নরূপভাবে উল্লেখ করেনঃ

**ক) এইচএসসি পরীক্ষা কেন্দ্রসমূহ :**

| ক্রনং | উপজেলা | পরীক্ষাকেন্দ্রেরনাম | পরীক্ষার্থীরসংখ্যা |
|---|---|---|---|
| ০১ | নীলফামারী সদর | মশিউর রহমান কলেজ (৬০১) | ৬৭৫ |
| ০২ | ” | নীলফামারী সরকারি কলেজ (৬০২) | ৮৩২ |
| ০৩ | ” | নীলফামারী সরকারি মহিলা কলেজ (৬০৩) | ৮৭৭ |
| ০৪ | ” | ছমির উদ্দিন স্কুল এন্ড কলেজ (৬০৪) | ৮০৮ |
| ০৫ | সৈয়দপুর | সৈয়দপুর সরকারি বিজ্ঞান কলেজ (৬০৬) | ৭৮৬ |
| ০৬ | ” | সৈয়দপুর ক্যান্ট: পাবলিক স্কুল এন্ড কলেজ (৬০৭) | ২৫১ |
| ০৭ | ” | সৈয়দপুর সরকারি কলেজ (৬০৮) | ৩৯০ |
| ০৮ | ” | সৈয়দপুর মহিলা কলেজ (৬০৯) | ৬৩৬ |
| ০৯ | জলঢাকা | জলঢাকা সরকারি কলেজ (৬১০) | ৫৯১ |
| ১০ | ” | রাবেয়া চৌধুরী মহিলা কলেজ (৬১১) | ৬০৮ |
| ১১ | ” | শিমলবাড়ী বঙ্গবন্ধু ডিগ্রী কলেজ (৬১২) | ৩৪৭ |
| ১২ | ডোমার | ডোমার সরকারি কলেজ (৬১৩) | ৬৭১ |
| ১৩ | ” | চিলাহাটী সরকারি কলেজ (৬১৪) | ৩৭৯ |
| ১৪ | ” | ডোমার মহিলা কলেজ (৬১৫) | ৫২৯ |
| ১৫ | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ সরকারি কলেজ (৬১৬) | ৪৫৬ |
| ১৬ | ” | রণচন্ডী স্কুল এন্ড কলেজ (৬১৭) | ৩৮৫ |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | ” | কিশোরগঞ্জ মহিলা মহাবিদ্যালয় (৬১৮) | ৪৫৬ |
| ১৮ | ডিমলা | ডিমলা ইসলামিয়া কলেজ (৬১৯) | ৫২৬ |
| ১৯ | ” | ডিমলা সরকারি মহিলা কলেজ (৬২০) | ৩৫২ |
| ২০ | ” | জনতা ডিগ্রী কলেজ (৬২১) | ৭৪৪ |
| ২১ | ডোমার | চিলাহাটি গালর্স স্কুল এন্ড কলেজ (৬২২) | ২৪৩ |
| ২২ | সৈয়দপুর | লায়ন্স স্কুল এন্ড কলেজ (৬২৪) | ১২৯৬ |
| ২৩ | কিশোরগঞ্জ | বড়ভিটা হাই স্কুল এন্ড কলেজ (৬২৬) | ৬০৪ |
| ২৪ | জলঢাকা | মীরগঞ্জহাট ডিগ্রী মহাবিদ্যালয় (৬২৮) | ৬৪১ |
| | | মোট= | ১৪,০৮৩ |

**খ) আলিম পরীক্ষা কেন্দ্রসমূহ :**

| ক্রনং | উপজেলা | পরীক্ষাকেন্দ্রেরনাম | পরীক্ষার্থীরসংখ্যা |
|---|---|---|---|
| ০১ | নীলফামারী সদর | নীলফামারী আলিয়া ফাযিল মাদ্রাসা (৩৯২) | ২৪৪ |
| ০২ | সৈয়দপুর | সোনাখুলী মুন্সিপাড়া কামিল মাদ্রাসা (৩৯৩) | ১৬৯ |
| ০৩ | জলঢাকা | ছিটমীরগঞ্জ শালনগ্রাম ফাযিল মাদ্রাসা (৩৯৪) | ৩০৮ |
| ০৪ | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ কেশবা সিনিয়র মাদ্রাসা (৩৯৫) | ১৪০ |
| ০৫ | ডিমলা | ডিমলা ফাযিল মাদ্রাসা (৩৯৬) | ৩১০ |
| ০৬ | ডোমার | ডোমার ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা (৩৯৭) | ১৫১ |
| | | মোট= | ১,৩২২ |

**গ) এইচএসসি (ভোকেশনাল ও বিএম) পরীক্ষা কেন্দ্রসমূহ :**

| ক্রনং | উপজেলা | পরীক্ষা কেন্দ্রের নাম | পরীক্ষার্থীরসংখ্যা |
|---|---|---|---|
| ০১ | নীলফামারী সদর | টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, নীলফামারী (১৪০২০) | ৩৮৭ |
| ০২ | সৈয়দপুর | সৈয়দপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, নীলফামারী (১৪১৪৫) | ১৪৫ |
| ০৩ | ডিমলা | ডিমলা সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, নীলফামারী (১৪১৪৬) | ১১৮ |
| ০৪ | নীলফামারী | নীলফামারী টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ (১৪০২৮) | ৪৫৫ |
| ০৫ | ডিমলা | ডিমলা টেকনিক্যাল এন্ড বি এম আই (১৪০০৬) | ২১৭ |
| ০৬ | ” | খগাখড়িবাড়ী টেকনিক্যল অ্যান্ড বি এম আই (১৪০২২) | ২৬৯ |
| ০৭ | সৈয়দপুর | সৈয়দপুর বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট (১৪০২৩) | ৩৩২ |
| ০৮ | ডোমার | ডোমার বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট (১৪০২৪) | ৩৩৩ |
| ০৯ | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট (১৪০২৫) | ২৪৬ |
| ১০ | ” | কিশোরগঞ্জ বি এম কলেজ (১৪০৩১) | ৪১১ |
| ১১ | জলঢাকা | জলঢাকা ডিগ্রী মহাবিদ্যালয় (১৪০২৬) | ৩৪১ |
| ১২ | ” | জলঢাকা বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট (১৪০২৭) | ১১২২ |
| | | মোট= | ৪,৩৭৬ |

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নীলফামারী সভায় উপস্থিত কেন্দ্র সচিবদের জানান যে, পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে । উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষা ২০২৬ পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন । অত:পর পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা পর্যালোচনা ক্রমে বিস্তারিত আলোচনান্তে সকলের সম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০১। প্রশ্নপত্র সর্টিং এর সময় জেলা ট্রেজারীতে জেলা ট্রেজারি অফিসার, নীলফামারী এবং উপজেলা পর্যায়ে প্রশ্নপত্র সর্টিং এর সময় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত থাকবেন । অনিবার্য কারণে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত থাকতে না পারলে তাঁর প্রতিনিধি হিসেবে সহকারী কমিশনার (ভূমি) অথবা একজন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর উপস্থিতিতে প্রশ্নপ্রত্র সর্টিং

করে উপজেলা ট্রেজারী/থানা লকারে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

০২। জেলা শহরের ক্ষেত্রে জেলা ট্রেজারীতে জেলা প্রশাসকের তত্ত্বাবধানে সংশ্লিষ্ট জেলার কেন্দ্রসমূহের প্রশ্নপত্র প্রত্যেক পরীক্ষার দিন ট্রেজারী অফিসারের উপস্থিতিতে ভারপ্রাপ্ত কর্মকর্তা/তাঁর শিক্ষক প্রতিনিধি ও জেলা প্রশাসকের প্রাধিকার প্রাপ্ত প্রতিনিধি/ট্যাগ অফিসার, পুলিশ এসকর্টসহ সংশ্লিষ্ট কেন্দ্রে নিয়ে যাওয়ার ব্যবস্থা করবেন। উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের তত্ত্বাবধানে/তাঁর প্রাধিকার প্রাপ্ত প্রতিনিধি/ট্যাগ অফিসার/ ভারপ্রাপ্ত কর্মকর্তা/ তাঁর শিক্ষক প্রতিনিধি পুলিশ এসকর্টসহ প্রশ্নপত্র কেন্দ্রে নিয়ে যাওয়ার ব্যবস্থা করবেন। উপজেলা নির্বাহী অফিসারগণ স্ব-স্ব উপজেলার পরীক্ষা কেন্দ্রে ট্যাগ অফিসার নিয়োগ করবেন।

০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রশ্নপত্রের সেট নির্ণয়ের ক্ষেত্রে সঠিক সেট নির্ণয়ের জন্য জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নীলফামারী/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত SMS অনুসরণ করবেন। কোনক্রমেই যেন নির্ধারিত সেটের বিপরীত সেট-এ পরীক্ষা গৃহীত না হয় সেটি নিশ্চিত করবেন। প্রশ্নের প্যাকেট খোলার পূর্বে ঐ দিনের নির্ধারিত বিষয় ও সেটের প্রশ্নপত্র কি না তা তিনি ভালোভাবে যাচাই করে নিশ্চিত করবেন। পরীক্ষার সময়সূচি মোতাবেক পরীক্ষা শুরু হওয়ার পর্যাপ্ত সময় পূর্বে ভারপ্রাপ্ত কর্মকর্তা অথবা তাঁর প্রতিনিধি এবং ট্যাগ অফিসার ও পুলিশ কর্মকর্তা ট্রেজারী/থানায় উপস্থিত হয়ে তত্ত্বাবধায়ক অফিসার/তাঁর প্রতিনিধির সম্মুখে সীলকরা ট্রাংক খুলবেন এবং ঐ দিনের জন্য নির্ধারিত প্রশ্নের প্যাকেট গ্রহণ করবেন। কোনক্রমেই অন্য দিনের কোন প্যাকেট ট্রাংকের বাইরে আনা যাবে না অথবা কোন প্যাকেটের সীল ভাঙ্গা বা কাটা যাবে না। পরীক্ষা শুরু হওয়ার ৩০.০০ মিনিট পূর্বে তিনি SMS এর নির্দেশনা মোতাবেক প্রশ্নপত্রের প্যাকেট খুলবেন। প্রশ্নের প্যাকেট খোলার সময়ভার প্রাপ্ত কর্মকর্তা, ট্যাগ অফিসার ও ০২ জন কক্ষ প্রত্যবেক্ষকের সম্মুখে প্রশ্নের সেট এর বিষয়টি নিশ্চিত করবেন। প্রশ্নের সেট নিশ্চিত হওয়ার পর প্যাকেটের উপর প্রত্যয়ন করবেন ।

০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতি ভেন্যুর জন্য একজন হল সুপার এবং বিভিন্ন পরীক্ষা কক্ষে পরীক্ষা পরিচালনার নিমিত্তে প্রতি ২০ (বিশ) জন পরীক্ষার্থীর জন্য ০১ (এক) জন কক্ষ পর্যবেক্ষক নিয়োগ করবেন। উল্লেখ্য কেন্দ্রের আওতাভুক্ত কোন কলেজের অধ্যক্ষ/উপাধ্যক্ষ/শিক্ষক/কর্মকর্তা বর্ণিত কেন্দ্রে/ভেন্যুতে হল সুপার/কক্ষ পরিদর্শক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না। তবে কোন কক্ষে ২০ জন বা তার কম হলে ও একটি কক্ষে আবশ্যিকভাবে ০২ (দুই) জন কক্ষ পর্যবেক্ষক নিয়োগ করতে হবে। কোন কেন্দ্রে পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে এর ব্যতিক্রম করলে উক্ত কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে "পাবলিক পরীক্ষা সমূহ (অপরাধ) আইন ১৯৮০" অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে ।

০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তার ছেলে, মেয়ে কিংবা নিকট আত্মীয় চলতি এইচএসসি ও সমমানের পরীক্ষায় যে কোন কেন্দ্রের পরীক্ষার্থী থাকলে তিনি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করতে পারবেন না। এ ক্ষেত্রে উপাধ্যক্ষ/ সিনিয়র শিক্ষক/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ঐ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। কেন্দ্র সচিবগণ পরীক্ষার রুমে পানির খায়ার ব্যবস্থা, বিদ্যুৎতের বিকল্প আলো এবং ঘড়ির ব্যবস্থার করবেন।

০৬। মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশ পত্র বা শিক্ষা বোর্ডের অনুমতি বহির্ভূত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া যাবে না। প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষার কক্ষে প্রবেশ পত্র, রেজিস্ট্রেশন কার্ড, কালো অথবা নীল বলপেন, কাঠ পেন্সিল ও ইরেজার অবশ্যই সাথে আনতে হবে। পদার্থবিদ্যা, গণিত বা অনুরূপ অন্যান্য বিষয়ের পরীক্ষার জন্য সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে । প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। শিক্ষা বোর্ডের অনুমতি বহির্ভূত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেওয়া যাবে না। কেন্দ্র সচিব পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীর আসন গ্রহণের বিষয়টি নিশ্চিত করবেন। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থী নির্ধারিত সময়ের পর পরীক্ষা কেন্দ্রে আসলে রেজিস্ট্রারে নাম, রোল নম্বর, প্রবেশের সময় ও বিলম্বের কারণ উল্লেখ করে বিলম্বে আসা পরীক্ষার্থীদের তালিকা ঐ দিনই সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে। পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন কোন ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

০৭। শিক্ষা বোর্ডের অনুমতি প্রাপ্ত প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউনসিনড্রোম, সেরিব্রাল পাল্সি) পরীক্ষার্থীদের নীতিমালার আলোকে পরীক্ষার ব্যবস্থা করতে হবে । অটিস্টিক, ডাউনসিনড্রোম, সেরিব্রাল পাল্সি পরীক্ষার্থীদের অতিরিক্ত ৩০ (ত্রিশ) মিনিট সময় বরাদ্দ করতে হবে। প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউনসিনড্রোম, সেরিব্রালপাল্সি) পরীক্ষার্থীদের উত্তর পত্র সমূহ আলাদা প্যাকেট করে প্যাকেটের গায়ে প্রতিবন্ধী লিখে শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে ।

শিক্ষা বোর্ডের অনুমতিক্রমে কোন অন্ধপ্রতি বন্ধি এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধি পরীক্ষার্থী শ্রুতি লেখক (স্ক্রাইব) নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। শ্রুতি লেখক নিয়ে অংশ গ্রহণকারী পরীক্ষার্থী, বুদ্ধি প্রতিবন্ধি, শ্রবণ প্রতিবন্ধি (মুক ও বধির) পরীক্ষার্থী অতিরিক্ত ২০ (কুড়ি) মিনিট সময় পাবে।

০৮। পরীক্ষা শুরু হওয়ার কিছুক্ষণ পরে অবশ্যই কেন্দ্র সচিব নিজ দায়িত্বে প্রতিটি কক্ষের পরিদর্শকের নিকট হতে অনুপস্থিত পরীক্ষার্থীদের প্রশ্নপত্র ও উত্তর পত্র সংগ্রহ করে নিরাপদ হেফাজতে রাখবেন। প্রশ্নপত্র গ্রহণের পর হতে পরীক্ষা শেষ না হওয়া অবধি প্রশ্নপত্রের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কেন্দ্র সচিবদের অনুরোধ জানানো হয় ।

০৯। পরীক্ষা শেষ হওয়ার পর সংশ্লিষ্ট বোর্ডের নির্দেশনা অনুযায়ী উত্তর পত্র বোর্ডে প্রেরণ করতে হবে। পরীক্ষার সময়সূচি অনুযায়ী প্রতিদিন পরীক্ষা শেষে, বিকেলে পরীক্ষা না থাকলে ঐ দিনেই বিকেল ৪.০০টার মধ্যে এবং বিকেলে পরীক্ষা থাকলে রাত ৬.০০ টার মধ্যে ও এম আর এর ছেঁড়া প্রথম অংশ যথাযথভাবে প্যাকেট করে পোস্ট অফিসের মাধ্যমে সংশ্লিষ্ট বোর্ডে প্রেরণ করতে হবে । এ জন্য পরীক্ষার দিন অতিরিক্ত সময় পর্যন্ত পোস্ট অফিস খোলা রাখাসহ বিগত পাবলিক পরীক্ষা সমূহের ন্যায় এ বছর ও সাপ্তাহিক ছুটির দিনের পরীক্ষা সমূহের উত্তর পত্র প্রেরণের জন্য পোস্ট অফিস খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পোস্ট মাস্টার, নীলফামারী প্রধান ডাকঘর, নীলফামারীকে অনুরোধ করা হলো । তিনি নীলফামারী প্রধান ডাকঘর খোলা রাখা সহ এ জেলার সকল উপজেলার ডাকঘর খোলা রাখার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

১০। কোন পরীক্ষার্থী কোন কারণে কারাগারে আটক থাকলে এবং সে যদি ঐ কারাগার থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষায় অংশ গ্রহণ করতে চায়, তাহলে সংশ্লিষ্ট পরীক্ষার্থী কারা কর্তৃপক্ষ ও অধ্যক্ষের মাধ্যমে শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে আবেদন করবেন । বিজ্ঞ আদালতের নির্দেশনা সাপেক্ষে এরূপ পরীক্ষার্থী বোর্ড কর্তৃপক্ষের অনুমতি প্রাপ্তির পর পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে উক্ত পরীক্ষার যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট পরীক্ষার্থী বহন করবে।

১১। পরীক্ষা শুরু হওয়ার কিছুক্ষণ পরে অবশ্যই ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ নিজ দায়িত্বে প্রতিটি কক্ষের পরিদর্শকের নিকট হতে অনুপস্থিত পরীক্ষার্থীদের প্রশ্নপত্র ও উত্তর পত্র সংগ্রহ করে নিরাপদ হেফাজতে রাখবেন। প্রশ্নপত্র গ্রহণের পর হতে পরীক্ষা শেষ না হওয়া অবধি প্রশ্নপত্রের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ জানানো হয় ।

১২। সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা গ্রহণে প্রত্যেক পরীক্ষা কেন্দ্রে আইন-শৃঙ্খলা রক্ষার জন্য এবং সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের মনোনীত প্রতিনিধিসহ পুলিশ প্রহরায় ট্রেজারী/থানা/ব্যাংক লকার হতে প্রশ্নপত্র গ্রহণ করে পরীক্ষা কেন্দ্রে পৌছানো এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব ও পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরে বিধি অনুযায়ী প্রশ্নপত্রের প্যাকেট খোলা ও প্রত্যয়ন পত্র প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগের জন্যপুলিশ সুপার, নীলফামারীকে অনুরোধ করা হয় ।

১৩। জেলা সদরের জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারগণ পরীক্ষা কেন্দ্র সমূহের আইন-শৃঙ্খলা রক্ষার জন্য পরীক্ষার দিন কেন্দ্রের ২০০ গজের অভ্যন্তরে ফৌ: কা: বি: ১৪৪ ধারা জারী করবেন। পরীক্ষা কেন্দ্রসমূহে ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারীকে অনুরোধ করা হয় । পরীক্ষা কেন্দ্রের আশেপাশে আইনশৃঙ্খলা বিঘ্নকারী অপরাধীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

১৪। পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণের জন্য প্রয়োজনীয় সংখ্যক ভিজিলেন্স টিম গঠন করতে হবে ।

১৫। পরীক্ষার দিন গুলোতে পরীক্ষা চলাকালীন প্রত্যেকটি পরীক্ষা কেন্দ্রে চিকিৎসক নিয়োগের জন্য সিভিল সার্জন, নীলফামারীকে অনুরোধ করা হয় ।

১৬। পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০ এর যথাযথ প্রয়োগ করতে হবে। প্রশ্নপত্র ফাঁস কিংবা পরীক্ষার্থীদের নিকট উত্তর সরবরাহে জড়িত ব্যক্তি বর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত গুজব কিংবা এ কাজে তৎপর চক্রগুলোর কার্যক্রমের বিষয়ে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং সরকারের সংশ্লিষ্ট বিভাগ সমূহের নজরদারী জোরদার করবে । এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, নীলফামারী এবং কোম্পানী কমান্ডার, র‌্যাব-১৩ নীলফামারী এবং উপ-পরিচালক, এনএসআই নীলফামারীকে অনুরোধ করা হয় ।

১৭। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কেউ কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না । ভারপ্রাপ্ত কর্মকর্তা শুধুমাত্র বাটন যুক্ত ফিচার ফোন ব্যবহার করতে পারবেন।

১৮। অনিবার্য কারণ বশত: কোন পরীক্ষা বিলম্বে শুরু করতে হলে যত মিনিট বিলম্বে পরীক্ষা শুরু হবে পরীক্ষার্থীদের-কে ততো মিনিট অতিরিক্ত সময় প্রদান করতে হবে ।

১৯। ভুয়া প্রশ্নপত্র ফেসবুক বা অন্য কোনো মাধ্যমে প্রকাশ বা ফাঁসের কোনো ঘটনা ঘটলে তাৎক্ষণিক আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, নীলফামারী এবং কোম্পানী কমান্ডার, র‌্যাব-১৩ নীলফামারী এবং উপ-পরিচালক, এনএসআই নীলফামারীকে অনুরোধ করা হয়।

২০। পরীক্ষা কেন্দ্রে উদ্ভূত যে কোন পরিস্থিতিতে সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনার মাধ্যমে স্থানীয়ভাবে তা সমাধানের ব্যবস্থা করতে হবে ।যেকোন আকস্মিক দুর্যোগ বা বিশেষ পরিস্থিতিতে পরীক্ষা অনুষ্ঠানে কোন বিঘ্ন না হয় সে জন্য পর্যাপ্ত পূর্বপ্রস্তুতি নিশ্চিত করতে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়। পরীক্ষা কেন্দ্রের আশে পাশে পরীক্ষার পরিবেশ বিঘ্নিত হয় এরূপ কোন রাজনৈতিক কর্মসূচি, সভা-সমাবেশ ইত্যাদি অনুমোদন দেওয়া যাবেনা ।

২১। পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের বিশেষ করে ছাত্রীরা যাতায়াতের ক্ষেত্রে যেন কোন অনাকাঙ্খিত পরিস্থিতির সম্মুখীন না হয় তা নিশ্চিত করতে হবে ।

২২। পরীক্ষা কেন্দ্রে প্রবেশকালে গেইটে পরীক্ষার্থীদের (ছাত্রীদের জন্য মহিলা শিক্ষক/আয়া দ্বারা) দেহ তল্লাশী করে নকল এবং নিষিদ্ধ সামগ্রী ব্যতীত ছাত্র-ছাত্রীদের পরীক্ষার কক্ষে প্রবেশের ব্যবস্থা করতে হবে । কক্ষ পরিদর্শক এবং কেন্দ্রের স্টাফদের মোবাইল এবং নিষিদ্ধ সামগ্রী ব্যতীত প্রবেশ উক্ত প্রতিষ্ঠানের কেন্দ্র সচিব নিশ্চিত করবেন। কোন পরীক্ষার্থীর প্রবেশ পত্র ও রেজিস্ট্রেশন কার্ড ব্যতিত নিষিদ্ধ সামগ্রী যথা- কোন বই, মোবাইল ফোন, যে কোন ইলেকট্রনিক ডিভাইস বা অন্য কোন কাগজপত্র পরীক্ষা কক্ষের অভ্যন্তরে আনতে পারবে না । কোন পরীক্ষার্থীর নিকট প্রবেশ পত্র ও রেজিস্ট্রেশন কার্ড ব্যতীত কোন বই, মোবাইল ফোন, অন্য কোন কাগজ পত্র বা কোন ইলেক্ট্রনিক ডিভাইস পাওয়া গেলে তা কে বহিস্কারসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । ভুয়া পরিচয় দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে মোবাইল কোর্ট আইন, ২০০৯ মোতাবেক ব্যবস্থা নেয়া হবে । কোন পরীক্ষার্থীর নিকট নকল বা নিষিদ্ধ সামগ্রী পাওয়া গেলে তল্লাশীর কাজে দায়িত্বরতদের বিরুদ্ধে সঠিকভাবে তল্লাশীপূর্বক প্রবেশ নিশ্চিত না করার জন্য ব্যবস্থা নেয়া হবে। ছাত্রীদের তল্লাশীর জন্য গেইটে রুমের ব্যবস্থা না থাকলে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে কালো কাপড় দ্বারা চেকিং বুথ স্থাপন করতে হবে। যে সব কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা বেশি সে সব কেন্দ্রে একাধিক বুথ স্থাপন করতে হবে।

২৩। কোন প্রতিষ্ঠান/ প্রতিষ্ঠান প্রধান/ শিক্ষক কোন ভাবে পাবলিক পরীক্ষায় বেআইনী কোন কাজ করলে সে প্রতিষ্ঠান/ প্রতিষ্ঠান প্রধান/ শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রয়োজনে পরীক্ষা কেন্দ্র বাতিল করা হবে। দোষী শিক্ষক ও কর্মচারীগণ সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হলে, তাকে চাকুরি হতে সাময়িক বরখাস্ত করে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হলে তার এমপিও স্থগিত করে তাকে চাকুরি হতে বরখাস্ত করার জন্য গভর্নিং বডিকে নির্দেশনা প্রদান করা হবে। গভর্নিং বডি দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ব্যর্থ হলে প্রয়োজনে কমিটি বাতিল করে মন্ত্রণালয়কে অবহিত করা হবে।

২৪। সরকারি নির্দেশনা অনুযায়ী আগামী ০২ জুলাই, ২০২৬ তারিখ হতে ০৮ আগস্ট, ২০২৬ তারিখ পর্যন্ত সব ধরনের কোচিং সেন্টার বন্ধ রাখতে হবে । পরীক্ষা শুরুর ১ ঘন্টা পূর্ব হতে পরীক্ষা শেষ হওয়ার ১ ঘন্টা পর পর্যন্ত পরীক্ষা কেন্দ্রের আশে পাশে ফটোকপির দোকান ও লাইব্রেরি বন্ধ রাখতে হবে ।

২৫। পরীক্ষার দিন পরীক্ষা চলাকালীন নির বিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো লিমিটেড, নীলফামারী ও জেনারেল ম্যানেজার, নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি, নীলফামারীকে অনুরোধ করা হয় । ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ পরীক্ষার রুমে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করবেন । স্কুলের পাশে বিদ্যু লাইনে ঝুকিপূর্ণ গাছের ডালপালা কাঁটার সিদ্ধান্ত গৃহীত হয়।

২৬। টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, নীলফামারী কেন্দ্রের পরীক্ষার্থীর আসন বিন্যাসের পর ও অতিরিক্ত আসন থাকায় উক্ত কেন্দ্রে নীলফামারী টেকনিক্যাল এন্ড বি.এম কলেজ কেন্দ্রের পরীক্ষা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় । এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১) উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর ২) জেলা শিক্ষা অফিসার, নীলফামারী ৩) ট্রেজারী অফিসার, নীলফামারী ৪) সংশ্লিষ্ট ০২ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হয় ।

২৭। কিশোরগঞ্জ মহিলা কলেজ, কিশোরগঞ্জ, নীলফামারী কেন্দ্রের আসন সংখ্যার চেয়ে পরীক্ষার্থীর সংখ্যা বেশি হওয়ায় এবং টিন ও বাঁশের বেড়া দ্বারা কক্ষগুলো তৈরি থাকায় নতুন ভবন নির্মাণের কাজ শুরু হবে মর্মে উক্ত কেন্দ্রের পরীক্ষা পাশ্ববর্তী কিশোরগঞ্জ কেশবা ফাযিল মাদ্রাসা, কিশোরগঞ্জ, নীলফামারীতে পরীক্ষা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয় । এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১) উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী ২) জেলা শিক্ষা অফিসার, নীলফামারী ৩) সংশ্লিষ্ট ০২ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হয় ।

২৮। ২০২৬ সালের এইচএসসি, আলিম এবং এইচএসসি (ভোকেশনাল) ও আলিম (ভোকেশনাল) পরীক্ষার সকল কেন্দ্রের প্রতিটি কক্ষে শিক্ষা বোর্ডসমূহের নির্দেশনা মোতাবেক ইন্টারনেট সংযোগসহ সিসিটিভি বাধ্যতামূলকভাবে স্থাপন করতে হবে। সিসিটিভি ধারণকৃত সকল রেকর্ড পরীক্ষার ফলাফল না হওয়া পর্যন্ত সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২৯। সভার কার্যবিবরণী জেলা প্রশাসক, নীলফামারী মহোদয়ের ওয়েবসাইট www.nilphamari.gov.bd তে Upload করা হবে। ওয়েব সাইট থেকে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ডাউনলোড করে নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।

৩০। পরীক্ষার প্রশ্নপত্র আনয়ন বাবদ প্রত্যেক ছাত্র প্রতি ১২ (বার) টাকা হিসেবে হিসাব নং-৫৩০৯০০২০০১৭৫১ এ জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং টাকা জমার রশিদ এ কার্যালয়ের শিক্ষা শাখায় জমা প্রদান করবেন। এইচএসসি পরীক্ষার যে সকল কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে সে সকল কেন্দ্রের ছাত্রছাত্রীদের লেখাপড়ার মান ধরে রাখার জন্য পরীক্ষা বন্ধের দিনগুলোতে এবং পরীক্ষার সময় সকালে থাকলে বিকেলে ও বিকেলে পরীক্ষা থাকলে সকালে ক্লাস নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩১। নিয়ন্ত্রণ কক্ষ : দৈনন্দিন পরীক্ষার তথ্য পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে প্রতিদিনের মোট পরীক্ষার্থীর সংখ্যা, উপস্থিত, অনুপস্থিত এবং বহিস্কার পরীক্ষার্থীর সংখ্যা সংশ্লিষ্ট বোর্ডের কন্ট্রোলরুমে এবং জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারীতে স্থাপিত কন্ট্রোলরুম (টেলিফোন: ০২৫৮৯-৯৫৫৫৩০),জনাব মোঃ আসাদুজ্জামান, সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, নীলফামারী কালেক্টরেট, নীলফামারী (মোবাইল : ০১৬০২-৭৭০৮৮০), জনাব মোঃ আল-আমিন কান, উপ-প্রশাসিনক কর্মকর্তা,

শিক্ষা ও কল্যাণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী, মোবাইলনং- ০১৫১৭-৮৪২৩৯০, জনাব মোঃ হেলাল উদ্দিন, অফিস-সহকারী কাম-কম্পিউটার অপারেটর, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী, মোবা: নং: ০১৭৭৪-২৪৭৯০৮,বিশেষ বাহক মারফত/টেলিফোন/ মোবাইল নম্বরে জানানোর জন্য উপজেলা নির্বাহী অফিসার/কেন্দ্র ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ করা হয় ।

৩২। পরীক্ষা সংক্রান্ত সার্বিক সহযোগিতার দায়িত্বে থাকবেন জনাব মোঃ আসাদুজ্জামান, সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, নীলফামারী কালেক্টরেট, নীলফামারী (মোবাইল : ০১৬০২-৭৭০৮৮০) ।

৩৩। সেভেন্থ ডে এডভান্টিস্ট সম্প্রদায়ের শিক্ষার্থীরা পরিপত্র অনুযায়ী ধর্মীয় বিধি-নিষেধের কারণে শনিবারের অনুষ্ঠিতব্য পরীক্ষাগুলোতে নির্ধারিত সময়ের পরিবর্তে সন্ধ্যা ৬.০০ টা থেকে রাত ৯.০০ টা পর্যন্ত পরীক্ষা অংশগ্রহণের সিদ্ধান্ত গ্রহীত হয়।

৩৪। কোন পরীক্ষার্থীকে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ্যে বহিষ্কার করলে যদি আইন শৃঙ্খলার অবনতি হওয়ার আশঙ্কা থাকে অথবা কক্ষ প্রত্যবেক্ষকসহ পরীক্ষা সংক্রান্ত দায়িত্বে নিয়োজিত কোন কর্মকর্তা/কর্মচারীর নিরাপত্তা বিঘ্নিত হওয়ার সম্ভাবনা থাকে। কেবল সে ক্ষেত্রেই নীরব বহিষ্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে নীতিমালা অনুযায়ী প্রেক্ষাপট,পদ্ধাতি এবং ধাপসমূহ পালনের নির্দেশনা প্রদান করা হয়।

৩৫। ২০২৬ সালের এইচএসসি, আলিম ওবং এইচএসসি (ভোকেশনাল) ও আলিম (ভোকেশনাল) পরীক্ষার দৈনিক প্রতিবেদন জনাব মোঃ আল-আমিন খান, উপ-প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী (মোবাইল নম্বরঃ০১৫১৭-৮৪২৩৯০) স্ব স্ব পরীক্ষার বোর্ডের নির্ধারিত কর্মকর্তার ইমেইলে প্রেরণ করবেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় আসন্ন এইচএসসি ও সমমানের পরীক্ষা প্রশ্নফাঁসের গুজব রোধসহ নকল মুক্ত, সুশৃঙ্খল, সুন্দর ও সুষ্ঠু পরিবেশে যথানিয়মে পরীক্ষা গ্রহণে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৫-০৬-২০২৬
মোহাম্মদ নায়িরুজ্জামান
জেলা প্রশাসক

**নম্বর:** ০৫.৪৭.৭৩০০.০০০.০২০.৩৩.০০১১.২৬.১৮৬

তারিখ: ১১ আষাঢ় ১৪৩৩
২৫ জুন ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পুলিশ সুপার, নীলফামারী।
৪। সিভিল সার্জন, নীলফামারী।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/ (রাজস্ব)/ (শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী।
৭। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর, নীলফামারী।
৮। নেজারত ডেপুটি কালেক্টর, নীলফামারী । (তাঁকে পরীক্ষার দিন জ্বালানীসহ প্রয়োজনীয় সংখ্যক গাড়ী সরবরাহের অনুরোধ করা হলো)।
৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, নীলফামারী। (তাঁকে সভার কার্যবিবরণী জেলা প্রশাসন, নীলফামারীর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার...............................শাখা, নীলফামারী কালেক্টরেট।
১১। ট্রেজারী অফিসার, নীলফামারী।
১২। কোম্পানী কমান্ডার, Rab-১৩, নীলফামারী।

১৩। উপ-পরিচালক, এনএসআই, নীলফামারী।
১৪। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারী।
১৫। উপ-পরিচালক.............................................................................., নীলফামারী।
১৬। পোস্টমাস্টার, নীলফামারী প্রধান ডাকঘর, নীলফামারী।
১৭। নির্বাহী প্রকৌশলী, নেস কোলি:,নীলফামারী/জেনারেল ম্যানেজার, নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি, নীলফামারী।
১৮। জেলা তথ্য অফিসার, নীলফামারী।
১৯। জনাব...................................................................................., নীলফামারী।
২০। সচিব অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা ............................................................, নীলফামারী।
২১। অফিস, কপি।

২৫-০৬-২০২৬
মোঃ আসাদুজ্জামান
সহকারী কমিশনার